

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০.০১৪.০০১.২০১৭- ৬৪৬

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪
১২ জুন ২০১৭

প্রেরকঃ শাহানারা খাতুন
উপ সচিব


প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৮৩/বি, নিউ সার্কুলার রোড
মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বৎসরে ১ম-৪র্থ কিস্তিতে অনুমোদিত স্থানীয় সরকার বিভাগ ও কোড নং-৩৭০০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাস্তবায়নধীন “পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় পুনঃখনন/সংস্কার” ও কোড নং ৫০০৩ এর জন্য অর্থ অবমুক্তি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে এ বিভাগ কর্তৃক ০৫ জুন ২০১৭ তারিখের ৪৬.০৮৩.২০৩.০০.০১৪.০০১.২০১৭-৬১৮ নং সরকারি আদেশে অনুমোদিত পনঃনির্ধারিত থোক বরাদ্দের সংশোধিত বিভাজন অনুযায়ী জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে অর্থ বরাদ্দের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং-	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত / অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোড নং ৩৭৪১	“পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় পুনঃখনন/সংস্কার” প্রকল্প, কোড নং ৫০০৩	অনুমোদিত	১ম- ৪র্থ	২৩.০০ লক্ষ	৪৭৭.০০ লক্ষ	৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা।

- এ ব্যয় চলতি অর্থ বৎসরের (২০১৬-২০১৭) সংশোধিত উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, স্থানীয় সরকার বিভাগ ও কোড নং- ৩৭০০ প্রকল্প, কোড নং ৫০০৩ ও হিসাবের খাত ৫-৩৭৪১-৫০০৩ জনস্বাস্থ্য প্রকৌশল ও পানি সরবরাহ এবং “পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয় পুনঃখনন/সংস্কার” প্রকল্প হতে বহন করা হবে।
- উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (তবে শুদ্ধ মল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত)।
- এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০১৭ এর মধ্যে সমর্পণ করতে হবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- অনুমোদিত ডিপিপি অঙ্গ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী অর্থ ব্যয় করতে হবে।
- এ আদেশ অর্থ বিভাগের ১২ জুন ২০১৭ তারিখের ০৭.১১১.০১৪.০১.৪১.০১৩.২০১৬-৪৪১ নং স্মারকে সম্মতির প্রেক্ষিতে জারী করা হল।
- অনুমোদিত বিভাজনে উল্লেখিত অংগওয়ারী বরাদ্দের অতিরিক্ত কোন ব্যয় করা যাবে না।


শাহানারা খাতুন
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নং- স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০.০১৪.০০১.২০১৭- ৫৪৬

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪
১২ জুন ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহা-ব্যবস্থাপক, সরকারি হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। উপ-সচিব, অর্থ বিভাগ (বাজেট-১১), অর্থ মন্ত্রণালয়।
- ৬। উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। প্রকল্প পরিচালক, পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/ দিঘি/ জলাশয় পুনঃখনন/ সংস্কার প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।


শাহানারা খাতুন
উপ সচিব